



রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম

অধ্যক্ষের কার্যালয়

Website: www.ranguniacollege.edu.bd/ Email: info@ranguniacollege.edu.bd



স্মারক নং- ২০১৬/১৪৮

তারিখ : ১০/১২/২০১৬ইং

২০১৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০১৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফরম পূরণ আগামী ১৫/১২/২০১৬ থেকে ২০/১২/২০১৬ তারিখ পর্যন্ত অফিস এবং ব্যাংক খোলা থাকা সাপেক্ষে চলবে। তবে ফরম পূরণের পরীক্ষার ফিসহ কলেজের সকল বকেয়া বেতন আগামী ১১/১২/২০১৬ তারিখ হতে কলেজ অফিস থেকে রসিদ সংগ্রহ করে বাংলাদেশ কৃষি ব্যাংক, রাংগুনিয়া কলেজ শাখায় জমা করে ১৫/১২/২০১৬ থেকে ২০/১২/২০১৬ তারিখের মধ্যে অনলাইনে ফরম পূরণের জন্য নির্দেশ দেয়া গেল।

◆ ফরম পূরণের নিয়মাবলী:


- ক) কোন ছাত্র-ছাত্রী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহে ফরম পূরণ করতে পারবে না। রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়ে ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
- খ) ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ সেশনের ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের সংশ্লিষ্ট বছরের পরীক্ষার মূল প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।
- গ) ব্যাংকে টাকা জমা দেয়ার রসিদের পেছনে লাইব্রেরীর অনাপত্তিসহ লাইব্রেরী থেকে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।
- ঘ) টাকা জমা দেয়ার ব্যাংক রসিদ ও রেজিস্ট্রেশন কার্ড প্রদর্শন পূর্বক পরীক্ষা কমিটি থেকে ফরম পূরণের আবেদন ফরম সংগ্রহ করতে হবে।
- ঙ) পরীক্ষার্থী কর্তৃক স্বহস্তে পূরণকৃত আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (অকৃতকার্য পরীক্ষার্থীদের মূল প্রবেশপত্রসহ) পরীক্ষা কমিটির নিকট নির্দিষ্ট তারিখে জমা দিতে হবে। তবে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, মূল প্রবেশপত্র, মূল সনদপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি আবেদন ফরমের সাথে অবশ্যই জমা দিতে হবে।

◆ নিয়মিত পরীক্ষার্থী:

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত ছাত্র-ছাত্রীরা ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে অংশ গ্রহণ করবে এবং তারা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে বিবেচিত হবে।

◆ অনিয়মিত পরীক্ষার্থী:

যারা ২০১৩, ২০১৪ ও ২০১৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে, যারা বিগত ২০১৩, ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের পরীক্ষায় বহিষ্কৃত হয়ে ২০১৭ সালের পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি পেয়েছে এবং যাদের রেজিস্ট্রেশন মেয়াদ আছে কিংবা ২০১৭ সালের পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন নবায়ন করেছে, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ তারা সকলে ২০১৭ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে বিবেচিত হবে।


(মোহাম্মদ আবু ইউসুফ)

অধ্যক্ষ

রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম।

রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম